

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৬৬

৩৪/ রাষ্ট্রক্ষমতা ও প্রশাসন (كتاب الإمارة)

পরিচ্ছেদঃ ১৮. ইমাম কর্তৃক যুদ্ধের অভিপ্রায়কালে সেনাদলের বায়আত গ্রহন করা উত্তম এবং (বাবলা) বৃক্ষতলে বায়'আতে (হুদায়বিয়ার) রিযওয়ান প্রসঙ্গ

باب اسْتِحْبَابِ مُبَايَعَةِ الإِمَامِ الْجَيْشَ عِنْدَ إِرَادَةِ الْقِتَالِ وَبَيَانِ بَيْعَةِ الرِّضْوَانِ تَحْتَ الشَّجَرَةِ

আরবী

وَحَدَّثَنَاهُ حَامِدُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ طَارِقٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، قَالَ كَانَ أَبِي مِمَّنْ بَايَعَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عِنْدَ الشَّجَرَةِ. قَالَ فَانْطَلَقْنَا فِي قَابِلٍ حَاجِينَ فَخَفِيَ عَلَيْنَا مَكَانُهَا فَإِنْ كَانَتْ تَبَيَّنَتْ لَكُمْ فَأَنْتُمْ أَعْلَمُ..

বাংলা

৪৬৬৬। হামিদ ইবনু উমার (রহঃ) ... সাঈদ ইবনু মুসাইয়িব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলে আমার আব্বা সে বায়আত গ্রহণকারীদের মধ্যে ছিলেন, যারা সেদিন বৃক্ষতলায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র হাতে বায়আত গ্রহণ করেছিলেন। তিনি বলেন, পরবর্তী বছর যখন আমরা হজ্জ করতে এসে সেখানে গেলাম তখন সে স্থানটি আমাদের নিকট অস্পষ্ট হয়ে গেল। যদি তোমাদের কাছে সে স্থানটি স্পষ্ট হয়ে থাকে তবে তোমরাই অধিক জান।

English

It has been narrated on the authority of Sa'id b. Musayyab who said:
My father was one of those who swore fealty to the Messenger of Allah ()
near the tree. When we passed that way next year intending to perform the Hajj, the place of the tree was hidden to us. If you could point out clearly, you would (certainly) be knowing better.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন